



বাংলাদেশ পুলিশ
উপ-পুলিশ কমিশনার
গোয়েন্দা বিভাগ (ডিবি) এর কার্যালয়
রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর



তাং-০৩/১২/২০২০খ্রিঃ

প্রেস রিলিজ

রংপুর মেট্রোপলিটন পুলিশের গোয়েন্দা বিভাগ কর্তৃক ১০৩ পিস ইয়াবা ট্যাবলেট
উদ্ধারসহ ০২ জন আসামী গ্রেফতার



অদ্য ০৩ডিসেম্বর, ২০২০ খ্রিঃ আরপিএমপি গোয়েন্দা বিভাগ (ডিবি) টিম কর্তৃক কোতয়ালী থানা এলাকায় মাদক বিরোধী অভিযান পরিচালনা করাকালে ১০৩ পিস ইয়াবা ট্যাবলেট উদ্ধারসহ ০২ জন আসামী গ্রেফতার।

অদ্য ০৩/১২/২০২০ খ্রিঃ গোপন সংবাদের ভিত্তিতে রংপুর মেট্রোপলিটন গোয়েন্দা বিভাগ এর অতিঃ উপ-পুলিশ কমিশনার (ডিবি) জনাব উত্তম প্রসাদ পাঠক এর তত্ত্বাবধানে, সহকারী পুলিশ কমিশনার (ডিবি) জনাব ফারুক আহমেদ এর পরিকল্পনা মতে, ইন্সপেক্টর এবিএম ফিরোজ ওয়াহিদ এর নেতৃত্বে এসআই (নিঃ) মোঃ আবু সাইয়ুম তালুকদার, এসআই (নিঃ) তছলিম উদ্দিন আহমেদ, এসআই/(নিঃ) মোঃ বাবুল ইসলাম, এসআই (নিঃ) মোঃ তৈবুর রহমান, কং/৮৩৯ মোঃ আনসারুল ইসলাম, কং/৬৩৩ শ্রী সূজন চন্দ্র রায়সহ আরপিএমপি কোতোয়ালী থানা এলাকায় মাদক বিরোধী অভিযান পরিচালনাকালে উক্ত থানাধীন ১৬ নং ওয়ার্ডস্থ ধাপ কেলাবন্দ সরদারপাড়া বিসমিল্লাহ ষ্টোর নামক দোকানের সামনের চলাচলের পাকা রাস্তার উপর থেকে অবৈধ নেশা জাতীয় মাদকদ্রব্য ক্রয় বিক্রয় করাকালে ১০৩ পিস ইয়াবা ট্যাবলেট এবং মাদকদ্রব্য বিক্রয়ের উদ্দেশ্যে ব্যবহৃত একটি বাজাজ প্লাটিনা ১২৫ সিসি মোটরসাইকেল উদ্ধারসহ ০২ জন আসামীকে গ্রেফতার করা হয়।


গ্রেফতারকৃত আসামীদ্বয় হলো-(১) মোঃ আক্তারুজ্জামান নয়ন (৪২), পিতা- আব্দুল মান্নান, থানা- জলাঢাকা, জেলা- নীলফামারী এবং (২) মোঃ শফিকুল ইসলাম বাবু (৪৩), পিতা- মৃত সুরুজ মিয়া, সাং- দখিগঞ্জ (পশ্চিম খাসবাগ), থানা- কোতয়ালী, রংপুর মহানগর, রংপুর

গ্রেফতারকৃত আসামীদের বিরুদ্ধে কোতয়ালী থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রন আইন-২০১৮ ধারায় মামলা দায়ের প্রক্রিয়াধীন।

উল্লেখ্য যে রংপুর মেট্রোপলিটন পুলিশের সকল ধরনের অবৈধ কার্যক্রম এবং মাদকদ্রব্য নিয়ন্ত্রনে আরপিএমপি গোয়েন্দা বিভাগ (ডিবি) টিমের অভিযান অব্যাহত থাকবে।

যে কোন অপরাধ দমনে তথ্য দিন বা যোগাযোগ করুন-

অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার (ডিবি)- (০১৩২০-০৭৩৬৬১)।



০৩.১২.২০২০

(উত্তম প্রসাদ পাঠক)

অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার

(ডিবি এন্ড মিডিয়া)

পক্ষে/পুলিশ কমিশনার

রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর

মোবাইল-০১৩২০-০৭৩৬৬১